গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে স্থানীয় এমপি’র মতবিনিময়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শত বার্ষিকী উপলক্ষে মেহেরপুরের গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে মত বিনিময় করেছেন স্থানীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।
রোববার দুপুরে গাংনী থানা সড়কে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সংসদ সদস্য সাহিদুজামান খোকন বলেছেন, বর্তমান সরকার জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্নভাবে সুযোগ সুবিধা দিয়ে সম্মানীত করছেন। আগামীতেও মুক্তিযোদ্ধাদের সম্মানে তিনি যা করার তা করবেন। বর্তমান সরকার বীর মুক্তিযোদ্ধাদের যেভাবে সম্মানীত করেছেন বিগত কোন সরকার সুযোগ থাকা সত্বেও তা করেনি।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি আওয়ামীলীগ সরকার মনে প্রানে আপনাদের ভাল রাখার চেষ্টা অব্যাহত রেখেছেন। কিন্তু একটি চক্র মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে খেলা করছে। চক্রান্তকারীদের মুক্তিযোদ্ধাদের ইতিহাস নিয়ে না খেলতে হুশিয়ারীদেন। তিনি বলেন মুক্তিযোদ্ধাদের নিয়ে চক্রান্ত করলে তার পরিনাম ভালো হবে না বলেও হুশিয়ারী প্রদান করেন চক্রান্তকারীদের।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান ও মুক্তিযোদ্ধা নেতা আমিরুল ইসলামসহ আওয়ামীলীগ নেতা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যসহ বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

এসময় সাবেক উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ শফিকুল আলম, গাংনী ইটভাটা মালিক সমিতির নেতা এনামুল হকসহ অনেকেই বক্তব্য রাখেন।
- নিজস্ব প্রতিনিধি

ঝিনাইদহে আঃ রউফ ডিগ্রি কলেজে মাদক বিরোধী গণসচেতনতা মূলক সভা

‘মাদককে রুখবো, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে আঃ রউফ ডিগ্রি কলেজে মাদক বিরোধী গণসচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকালে সদর উপজেলার ডাকবাংলা আঃ রউফ ডিগ্রি কলেজে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়।

কলেজের অধ্যক্ষ জে,এম রবিউল ইসলাম এর সভাপতিত্বে বক্তব্য রাখেন মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়ের সহকারি পরিচালক আজিজুল হক, প্রতিষ্ঠানের উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারি অধ্যাপক কে এম সালেহ, জিন্নাত জেসমিন, মনোয়ার হুসাইনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনা করেন প্রতিষ্ঠানের প্রভাষক শাহানুর আলম।

এর আগে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তারা, মাদকের কুফল ও প্রতিরোধে বিভিন্ন দিক নির্দেশনা মূলক আলোচনা করেন।

-ঝিনাইদহ প্রতিনিধি

বাল্যবিয়ের অভিশাপে স্বামী ছাড়তে মুজিবনগর ইউএনও’র কাছে নালিশ

বাল্যবিয়ের অভিশাপে ঘর ছাড়তে উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে অভিযোগ জানিয়েছে বিনা খাতুন (১৪)।

রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: উসমান গনির কার্যালয়ে গিয়ে তাঁর কাছে এ অভিযোগ জানায় এই কিশোরী বধু।

বিনা খাতুন মুজিবনগর উপজেলার ভবানীপুর গ্রামের ইকতার আলীর মেয়ে।

জানা গেছে, বিনা খাতুনের মা মারা যাওয়া পর তার বাবা দ্বিতীয় বিয়ে করেন। সৎ মা তাকে লালন পালন কেও বড় করে তোলে। তার বাবা শারিরীক প্রতিবন্ধী হওয়ার কারণে কর্মক্ষম হারিয়ে ফেলে। ২০১৮ সালের মে মাসে একই উপজেলার পুরন্দরপুর গ্রামে ফয়সাল হোসেনের সাথে বিনা খাতুনের বিয়ে হয়। বিয়ের পর থেকে তার স্বামীর সাথে মনমালিন্য হয় না। এ নিয়ে সংসারে অশান্তি সৃষ্টি হয়।

বিনা খাতুন জানান, ৮ মাসে আগে বিয়ে দিয়েছিল তার সৎ মা। বিয়ের পর থেকে তার স্বামীর নানা ভাবে অত্যাচার করে। তাঁর সাথে সংসার করা আমার পক্ষে সম্ভব না। আমি এ অত্যাচার থেকে বাঁচতে চাই।

মেয়ের সৎ মা সানজিদা খাতুন জানান, মেয়ের বাবা অক্ষম (শারিরীক প্রতিবন্ধী)। তাঁর কর্মকরার ক্ষমতা নাই। সে কারণেই মেয়ের তাড়াতাড়ি বিয়ে দিয়েছিলাম মেয়েটি যাতে সুখে থাকে। কিন্তু স্বামীর অত্যাচারে মেয়েটি চলে এসেছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা উসমান গনি জানান, স্বামীর নির্যাতন সহ্য করতে না পেরে বিনা খাতুন নামের ওই কিশোরী একটি অভিযোগ দিয়েছে। আমরা উভয় পক্ষের পরিবারের লোকজনকে বুধবার ডেকেছি। মেয়েটি যাতে সুষ্ঠ বিচার পাই এবং তাকে পুনর্বাসন করার ব্যবস্থা করা হবে।

- মুজিবনগর অফিস

গমের ব্লাস্ট প্রতিরোধী বারি ৩৩ জাত নিয়ে আশাবাদ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সরকারিভাবে এই রোগটি প্রথম সনাক্ত করা হয় মেহেরপুরের মুজিবনগরে।

এ রোগের কারণে আক্রান্ত গমের ফলন শতকরা ২৫ থেকে ৩০ ভাগ কমে যায় এবং ক্ষেত্র বিশেষে কোনো কোনো ক্ষেতের ফসল প্রায় সম্পূর্ণ বিনষ্ট হয়ে যায়। প্রাথমিক পর্যায়ে ব্লাস্ট আক্রান্ত গম খেতের কোনো কোনো স্থানে শীষ সাদা হয়ে যায় এবং অনুকূল আবহাওয়ায় তা অতি দ্রুত সমগ্র খেতে ছড়িয়ে পড়ে। গমের কিছু শীষের উপরিভাগ শুকিয়ে সাদাটে বর্ণ ধারণ করে যা সহজেই নিম্নভাগের সবুজ ও সুস্থ অংশ থেকে আলাদা করা যায়।

আবার কোনো কোনো শীষের প্রায় সম্পূর্ণ অংশই শুকিয়ে সাদাটে হয়ে যায়। এটি গমের ব্লাস্ট রোগের আদর্শ লক্ষণ। প্রধানত গমের শীষে ছত্রাকের আক্রমণ হয়। কৃষি বিজ্ঞানীদের ভাষ্যমতে, আক্রান্ত বীজ এবং বাতাসের মাধ্যমে গমের ব্লাস্ট রোগ ছড়ায়। বৃষ্টির কারণে গমের শীষ ১২ থেকে ২৪ ঘণ্টা ভেজা থাকলে এবং তাপমাত্রা ১৮ ডিগ্রি সেলসিয়াস অথবা এর বেশি হলে এ রোগের সংক্রমণ হয় এবং রোগের জীবাণু দ্রুত বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে। তবে গমের ব্লাস্ট রোগ প্রাদর্ভাবের জন্যে আবহাওয়া সব সময় সুনির্দিষ্ট কোন নিয়মের আওতায় পড়েনা।

২০১৬ সালে গমের ব্লাস্ট রোগ দেখা দেয়ার ফলে, মেহেরপুরের বারাদি বিএডিসি খামার ও চিতলা বিএডিসি খামারের সকল গমসহ এবং চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ খামারের ২১০ হেক্টর গম আক্রান্ত গম বীজ খেতের সমস্ত জমি আগুনে পুড়িয়ে দেয়া হয়। সেইসাথে সরকারিভাবে গম আক্রান্ত সকল জেলাতে ২০১৭ সালে গম চাষ না করার জন্যে সরকারিভাবে নিষেধাজ্ঞা আরোপ করা হয় এবং ২০১৮ সালের গম চাষে নিরুৎসাহিত করা হয়। এরপরও কৃষকরা তাদের জমিতে গম চাষ করায় পুনরায় মেহেরপুরে ব্লাস্ট রোগ দেখা দেয়।

গবেষণা

গমের ব্লাস্ট রোগ দেখা দেয়ার পর থেকে, ২০১৭ সাল হতে মেহেরপুর জেলাকে ব্লাস্ট রোগের ‘হটস্পট’ বিবেচনা করে মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম শুরু হয়। এ ব্যাপারে আন্তর্জাতিক গম ও ভুট্টা গবেষণা কেন্দ্র বা সিমিট এবং বাংলাদেশ সরকারের পক্ষে অর্থায়ন করছে কৃষি মন্ত্রণালয় এবং কৃষি গবেষণা ফাউণ্ডেশন (কেজিএফ)।

দেশি বিদেশি বিজ্ঞানীদের সমন্বয়ে গমের ব্লাস্ট নিয়ে ব্যাপক গবেষণা শুরু হয়। বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটউট

,বাংলাদেশ পরমাণু গবেষণা ইন্সটিটউট, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগতত্ব বিভাগ এবং গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ব্লাস্ট নিয়ে গবেষণা চালিয়ে যাচ্ছে। স্ব স্ব প্রতিষ্ঠানের গবেষণাগারে এবং আক্রান্ত জমিতেও এ গবেষনা পরিচালনা করা হচ্ছে।

বিগত ২০১৮ সালে মেহেরপুর জেলার সদর উপজেলার দিঘিরপাড়া এলাকায় কৃষকের জমি লিজ নিয়ে গবেষণা পরিচালনা করে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটিউট, আঞ্চলিক কৃষি গবেষণা ইন্সটিটিউট।

মেহেরপুর সদর উপজেলার মদনাডাঙ্গার কৃষকের জমিতে গবেষণা পরিচালনা করেন যৌথভাবে বাংলাদেশ পরমাণু গবেষণা ইন্সটিটিউট, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগতত্ব বিভাগ এবং সদর উপজেলার উজলপুরে গবেষণা কার্যক্রম পরিচালনা করেন গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ।

এসব গবেষণার নেতৃত্ব দেন উদ্ভিদ রোগতত্ব গবেষক প্রফেসর ড. বাহাদুর মিয়া, প্রফেসর ড. তোফাজ্জেল হোসেন, প্রফেসর ড. আলী হোসেন, ড. নরেশ দেব বর্মা, ড. পরিতোষ মালাকার।

এছাড়াও ব্রিটিশ রয়েল সোসাইটি ফেলো প্রফেসর ড. নিকোলাস ট্যালবোট, প্রফেসর ড. সোফিয়ান কামাউন, ড. মোরিশিও, ড. পবন সিং, ড. টি পি তেওয়ারি নানাভাবে এসব গবেষণার সাথে সম্পৃক্ত রয়েছেন।

এ গবেষনা দলকে সহায়তা করছেন এবং মুখ্য ভুমিকা পালন করছেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কিটতত্ত্ববিদ ড. আখতারুজ্জামান।

একটি টিম চলতি বছরও মেহেরপুর সদর উপজেলার ২টি এবং গাংনী উপজেলায় ১টি স্থানে গমের ব্লাস্ট রোগ নিয়ে গবেষণা শুরু হয়েছে।

চাষীদের কথা

মেহেরপুর সদর উপজেলার উজুল পুর গ্রামের গম চাষী মসলেম উদ্দিন জানান, গম চাষ না করলে খাবার সংকটে পড়তে হয়। সে কারণে গম চাষ করতেই হয়। গম চাষ বন্ধ না করে কিভাবে এ সমস্যা সমাধান করা যায় সে

ব্যাপারে সরকারকে জোর দিতে হবে। তিনি আরো বলেন, ২০১৭ সালে ব্লাস্ট রোগের কারনে গমে কোন ফলন হয নি। ২০১৮ সালেও কিছুটা আক্রান্ত হয়। এবছরও গমে চাষ করেছি । এখনো বলা যাচ্ছেনা কি হবে।

ঝাউবাড়িয়া গ্রামের কৃষক আব্দুল কাদির জানান, গমে ব্লাস্ট রোগের কারণে গত বছর অর্ধেক ফলন হয়েছে। এবার প্রায় দেড় বিঘা জমিতে গমের চাষ করা হয়েছে। গমের চাষ না করলে আমাদের মত চাষীদের বাজার থেকে গম কিনে সংসার চালানো সম্ভব না। দ্রুত এর সমাধান বের করতে হবে।

কৃষি কর্মকর্তার কথা:

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিপ্তরের উপ-পরিচালক ড. আখতারুজ্জামান জানান, গবেষণা একটা চলমান প্রক্রিয়া। বাংলাদেশে বছরব্যাপী গমের ব্লাস্ট বিষয়ক গবেষণা পরিচালনা করা প্রয়োজন কিন্তু গ্রীণ হাউজ ফ্যাসিলিটিজ না থাকার কারণে মাঠ পর্যায়ে গবেষণা পরিচালনা করবার জন্যে পুরো একটা বছর অপেক্ষা করতে হয়।

তিনি জানান, প্রাপ্ত গবেষণার ফলাফল বিশ্লেষণে করে দেখা গেছে, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটউট ইতোমধ্যে ব্লাস্ট প্রতিরোধী বারি গম ৩৩ নামক একটা জাত উদ্ভাবন করেছেন এবং বোরলগ ১০০ নামে আরেকটি ব্লাস্ট প্রতিরোধী জাত অবমুক্তির পর্যায়ে রয়েছে। সিমিট এর গবেষণা থেকে জানা গেছে, বাংলাদেশে পরীক্ষিত প্রায় ৫হাজার গমের জাত থেকে আরো কিছু ব্লাস্ট প্রতিরোধী জাত পাবার আশা করা হচ্ছে।

ড. আখতারুজ্জামান জানান, গমের ব্লাস্ট রোগ প্রতিকারের কোন ব্যবস্থা করা না গেলেও প্রতিরোধক হিসেবে ভাল কীটনাশক উৎপাদক ও আমদানীকারক প্রতিষ্ঠানের ঞবনঁপড়হধুড়ষব ৫০%+ঞৎরভষড়ুীং◌ঃৎড়নরহ ২৫% কম্বিনেশনের ছত্রাশনাশক বেশ ভালভাবে কাজ করছে বলে গবেষকেরা নিশ্চিত করেছেন।

ওদিকে সিমিটের তত্বাবধানে ব্রাজিলের গম বিজ্ঞানী ড. মোরিশিও একটা মডেল দাঁড় করানোর নিরন্তর চেষ্টা অব্যাহত রেখেছেন। প্রতিবেশী দেশ ভারত গমের ব্লাস্ট প্রতিরোধী কিছু জাত উদ্ভাবনের দাবী করছে, সেসব জাতের বীজ আমদানীরও চেষ্টা অব্যাহত রয়েছে।

ড. আখতারুজ্জামান আরো জানান, এ বছর মেহেরপুরে প্রায় ৫০ বিঘা জমিতে ব্লাস্ট প্রতিরোধী বারি গম ৩৩ জাতের প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে গবেষণা প্রতিষ্ঠান গুলোর সহায়তায়।

গত বছরে উৎপাদিত বীজ থেকে বেসরকারিভাবে আরো ১০০ বিঘার অধিক জমিতে কৃষকরা বারি গম ৩৩ জাতের গম চাষ করেছেন।

ফলে আশা করা হচ্ছে বারি গম ৩৩ জাতের যে পরিমাণ বীজ এ বছরে মেহেরপুর জেলাতে উৎপাদিত হবে তাতে করে আগামী বছর মেহেরপুরের সর্বত্র গমের ব্লাস্ট প্রতিরোধি বারি গম ৩৩ জাতটি ছড়িয়ে পড়বে। তাই গমে চাষের ব্যাপারে ২০১৬ সাল থেকে কৃষকদের মধ্যে যে অনীহা ও ভীতি ছিল সেটা আগামী বছর থেকে দূর হওয়ার আশা করা হচ্ছে।

- নিজস্ব প্রতিবেদক

ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী আলোচনা সভা ও শপথ বাক্য পাঠ

‘ ‘মাদককে রুখবো, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো’’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী আলোচনা সভা ও শপথ বাক্য পাঠ অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শনিবার সকালে সরকারি উচ্চ বিদ্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেখ সফিয়ার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার সুসান্ত কুমার দেব, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক মোঃ আজিজুল হক।

এসময় বক্তারা মাদকের কুফল ও প্রতিরোধে বিভিন্ন দিক নির্দেশনা মূলক আলোচনা করেন। পরে বিদ্যালয়ের শিক্ষার্থীদের শপথ বাক্য পাঠ করানো হয়।

-[redacted]

[redacted]

[redacted]

[redacted] (**) [redacted]

[redacted]

[redacted]

[redacted] (**) [redacted]

[redacted]

-[redacted]

মেহেরপুরে গাঁজা সহ এক মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১৫০শ গ্রাম গাঁজা সহ ইয়ার আলী এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

শনিবার রাতে সদর উপজেলার আলমপুর চার রাস্তার মোড় থেকে আটক করা হয়। আটক ইয়ার আলী আলমপুর স্কুল পাড়ার হযরত আলীর ছেলে।

এই ব্যপারে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মুজিবনগরে কেক কাটা ও আলোচনা সভার মধ্যে দিয়ে পালিত হয়েছে ছাত্রলীগের ৭২ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

শনিবার বিকালে মুজিবনগর উপজেলা ছাত্রলীগের আয়োজনে রেষ্টহাউজ কক্ষে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

এর আগে উপজেলা ছাত্রলীগের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু।

মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি স্বপণ গাজীর সঞ্চালনায় বিশেষ

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি রোকনুজ্জামান রোকন,

মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি বায়েজীদ হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক শেখ সাকিব,সাবেক সহসভাপতি আনিসুজ্জামান শুভ।

মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজের সাবেক সভাপতি সাহ্ওলিউল্লাহ সোহাগ।

এ সময় উপজেলা, ইউনিয়ন ছাত্রলীগের সকল নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে ছাত্রলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে ছাত্রলীগের ৭২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। শনিবার বিকালে জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন এর নির্দেশে নেতা কর্মিরা কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্রলীগের সহ সভাপতি শাহজাহান আলী, হুমায়ন কবির লিখন, সাইদ আনোয়ার জয়, যুগ্ম সম্পাদক সৌরাব হোসেন সহ ছাত্রলীগের নেতা কর্মিরা।

গাংনীতে কেক কেটে ছাত্রলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছেন ছাত্রলীগের নেতৃবৃন্দ।

আজ শনিবার সকালে গাংনী শহরে একটি র্যালী শেষে শহীদ রেজাউল চত্বরে আলোচনাসভা শেষে কেক কেটে এ প্রতিষ্ঠা বাষিকী পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজামান খোকন।

গাংনী সরকারী ডিগ্রী কলেজের সভাপতি মাহমুদ হাচিবের সভাপতিত্বে

গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম ও উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফাসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ৪৯ তম শীতকালীন ক্রিড়া প্রতিযোগীতার পুরুষ্কার বিতরণ

মেহেরপুরে জেলা পর্যায়ে ৪৯ তম শীতকালিন ক্রিড়া প্রতিযোগীতার পুরুষ্কার বিতরনী করা হয়েছে। শনিবার মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে এ পুরুষ্কার বিতরনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলার ভারপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষা অফিসার আমান উদ্দিন মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জেলা প্রশাসক আতাউল গনি।

এসময় জাতীয় স্কুল, মাদরাসা, কারিগরি ক্রিড়া প্রতিযোগীতার বিজয়ী শিক্ষার্থীদের হাতে সনদ ও পুরুষ্কার তুলে দেওয়া হয়।
অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, অতিরিক্তি পুলিশ সুপার হাসিবুল আলম, জেলা প্রধান শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান, শিক্ষা কর্মকর্তা আল-মামুন, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান, সহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগন।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন, উপজেলা একাডেমীক সুপারভাইজার আনারুল ইসলাম।

নিজস্ব প্রতিনিধি